দৈনিক ইত্তেফাক

তারিখ ... 14 JAN 1990 ...
পৃষ্ঠা ... 2 ... কলাম 5 ...

12

# সরকারী স্কুলে আজ ২৪ হাজার ছাত্র-ছাত্রীর ভর্তি পরীক্ষা

(ইত্তেফাক রিপোর্ট)

আজ (রবিবার) ঢাকা নগরীর সরকারী স্কুলগুলিতে নূতন শিক্ষা-বর্ষের বিভিন্ন শ্রেণীর খালি আসনে ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হইবে।

(শেষ পৃঃ ২-এর কঃ দ্রঃ)

## সরকারী স্কুলে

(১ম পৃঃ পর)

ইতিমধ্যে গতকাল (শনিবার) ও গত শুক্রবার বেসরকারী স্কুলসমূহে ভর্তি পরীক্ষা গ্রহণ সম্পন্ন হইয়াছে।

রাজধানী নগরীর সরকারী ১৬টি বালক বিদ্যালয় ও দশটি সরকারী বালিকা বিদ্যালয়ের ভর্তি সংক্রান্ত জটিলতা দূরীকরণের জন্য ৬টি জোন-এ ভাগ করিয়া একই দিনে দুইবেলা পরীক্ষা গ্রহণ করার জন্য মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা অধিদপ্তরের ঢাকা অঞ্চল বিশেষ উদ্যোগ গ্রহণ করিয়াছে। সেই উদ্যোগ অনুযায়ী প্রথম, দ্বিতীয় ও তৃতীয় শ্রেণীর ভর্তি পরীক্ষা হইবে সকাল ৯টা হইতে দেড় ঘন্টাব্যাপী—(অংক ও বাংলা প্রতি বিষয়ে পঞ্চাশ নম্বর)। অন্যান্য শ্রেণীর পরীক্ষা বাংলা, ইংরেজী ও অংক বিষয়ে মোট একশত নম্বরের মধ্যে অপরাহ্ন ২টা হইতে ২ ঘন্টাব্যাপী পরীক্ষা চলিবে।

সংশ্লিষ্ট একটি সূত্রে জানা যায়, মোট খালি প্রায় ২ হাজার ৮ শত আসনের জন্য ভর্তিচ্ছু আবেদনকারীর সংখ্যা প্রায় ২৪ হাজার।

ভর্তি পরীক্ষা গ্রহণের পর জোনভিত্তিক একটি মেধাতালিকা প্রণয়ন করা হইবে। সংশ্লিষ্ট জোন-এর বিদ্যালয়গুলির আসন প্রাপ্যতার ভিত্তিতে বর্ণিত মেধা তালিকা হইতে ভর্তির জন্য একটি মূল তালিকা মেধা অনুসারে প্রণয়ন করা হইবে। মূল তালিকার পরেও স্কুলভিত্তিক অপেক্ষমাণ তালিকা থাকিবে (মেধানুযায়ী)।

গতরাত্রে মাধ্যমিক ও উচ্চ-শিক্ষা পরিদফতরের মহাপরিচালক প্রফেসর আবদুর রশীদের সহিত এ ব্যাপারে যোগাযোগ করা হইলে তিনি জানান, ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হইবে জানি, তবে কত খালি আসনের বিপরীতে কত ভর্তিচ্ছু প্রার্থী রহিয়াছে তাহা তাঁহার জানা নাই।